ফাতওয়া নাম্বার: ৫৬৭ প্রকাশকালঃ০৭-০৭-২০২৫ ইং

পুরুষের বাবরি চুলে ঝুঁটি বাঁধার বিধান

প্রশ্ন:

পুরুষের জন্য বাবরি চুলে রাবার দিয়ে ঝুঁটি বাঁধার হুকুম কী?

-মুহাম্মাদ জাহিদ

উত্তর:

بسم الله الرحمن الرحيم

পুরুষের লম্বা চুলে ঝুঁটি বাঁধা জায়েয নয়। এতে মহিলাদের সাথে সাদৃশ্য হয়। হাদীসে এসেছে,

عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: «لَعَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ المُتَشَبِّهِينَ مِنَ الرِّجَالِ بِالنِّسَاءِ، وَالمُتَشَبِّهَاتِ مِنَ النِّسَاءِ بِالرِّجَالِ»- صحيح البخاري: 5885 ط. دار طوق النجاة

“ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নারীদের সাদৃশ্য অবলম্বনকারী পুরুষকে লানত করেছেন। একইভাবে পুরুষদের সাদৃশ্য অবলম্বনকারী নারীদেরকেও লানত করেছেন।” -সহীহ বুখারী: ৫৮৮৫; আহসানুল

ফাতাওয়া: ৮/৮৭; ফাতাওয়ায়ে দারুল উলুম জাকারিয়া: ৭/৩৪১; আল-মাসাইলুল মুহিম্মাহ: ১০/৩৩৫

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৭-০১-১৪৪৭ হি.

০৩-০৭-২০২৫ ঈ.